ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩৮২০</u>

আগরতলা,১৬ নভেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১০ অক্টোবর, ২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় "জলকর দু'বার বৃদ্ধি, পরিষেবা তলানিতে, ক্ষোভে ফুঁসছে মানুষ" শিরোনামে প্রকাশিত সংবাদটি ত্রিপুরা জল বোর্ডের নজরে এসেছে। এ বিষয়ে ত্রিপুরা জলবোর্ড থেকে স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, ত্রিপুরা জল বোর্ড ২২ অক্টোবর, ২০২১ থেকে কাজ শুরু করেছে। তখন থেকেই PWD (DWS) অনুমোদিত জল কর মাসিক চল্লিশ টাকা হারে নেওয়া হচ্ছে। PWD (DWS), ২০১৪ সালে নোটিফিকেশনের মাধ্যমে জল কর প্রতি মাসে ত্রিশ টাকা থেকে চল্লিশ টাকা বৃদ্ধি করেছে। Notification No. F. 6(21)/CE/DWS/E/2011, date 17/05/2014, এই নোটিফিকেশন মোতাবেক ত্রিপুরা জল বোর্ড জল কর সংগ্রহ করে চলছে।

ইতিমধ্যে জল পরিশোধন করার জন্য প্রয়োজনীয় রাসায়নিক পদার্থ ও শ্রমিকের মূল্য বৃদ্ধি পাওয়াতে ০৭-০৫-২০২৫ ইং সনে জল বোর্ডের মিটিং এর সিদ্ধান্ত অনুযায়ী নোটিফিকেশন No. 5(1)/CEO/TJB/2024/8388-404, dated 08/05/2025 মোতাবেক জলকর চল্লিশ টাকা থেকে ষাট টাকা ০১-০৬-২০২৫ থেকে কার্যকার হয়েছে। এই নোটিফিকেশন অনুযায়ী DIT কে অনুরোধ করা হয়েছে বর্ধিত জলকর www.tjbbilling.tripura.gov.in/billing system portal এ আপডেট করার জন্য। এটা আপডেট হলে বর্ধিত জলকর ০১-০৬-২০২৫ ইং সনকে ভিত্তি করে সংগ্রহ করা শুরু হবে। এখন পর্যন্ত প্রতিমাসে চল্লিশ টাকা করে সংগ্রহ করা হচ্ছে। সংবাদে বিগত সাড়ে সাত বছরে জলকর দু'দুবার বৃদ্ধি করা হয়েছে বলে যা প্রকাশিত হয়েছে, তা সঠিক নয়।

পত্রিকায় উল্লেখিত যোগেন্দ্রনগর সাবডিভিশনের অধীনের নিয়মিত জল সরবরাহ চালু করার জন্য এলাকাগুলিতে নির্বাহী বাস্তুকার ও যোগেন্দ্রনগর সাব ডিভিশনের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে নির্দেশ দেওয়া হয়েছে। সেই অনুযায়ী প্রয়োজনীয় কাজ চলছে।

ত্রিপুরা জল বোর্ড আগরতলা পুর নিগম এলাকায় জল সরবরাহ সঠিকভাবে পরিচালনা করার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

*****